# বনানী ডিওএইচএস পরিষদ
# BANANI DOHS PORISHOD

বিডিপি/বিউটি/০৯/এ　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　০৪ জুলাই ২০২৬

**বনানী ডিওএইচএসে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা ও এডিস মশার লার্ভা ধ্বংস করণ প্রসঙ্গে**

১। বর্ষার মৌসুমে ঢাকা শহরে ডেঙ্গু ও চিকুনগুনিয়ার প্রাদুর্ভাব আশংকাজনক হারে বৃদ্ধি পেয়ে থাকে। ইতিমধ্যে ডেঙ্গু রোগীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। প্রিমো হেলথ লিমিটেড, বাংলাদেশের একটি স্বনামধন্য প্রতিষ্ঠান, গত ২৯ জুন ২০২৬ তারিখে বনানী ডিওএইচএস এলাকার নির্বাচিত কয়েকটি বাসায় ডেঙ্গুবাহী এডিস মশার প্রজননস্থল শনাক্তকরণের লক্ষ্যে একটি লার্ভা সার্ভে পরিচালনা করে। সার্ভের ফলাফলে কয়েকটি বাসায় এডিস মশার লার্ভার উপস্থিতি শনাক্ত হয়েছে, যা এলাকায় ডেঙ্গু সংক্রমণের সম্ভাব্য ঝুঁকির ইঙ্গিত বহন করে। এ প্রেক্ষাপটে জনস্বার্থে এবং ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রমকে আরও জোরদার করার লক্ষ্যে বনানী ডিওএইচএস পরিষদের উদ্যোগে প্রিমো হেলথ লিমিটেড বনানী ডিওএইচএস এলাকায় এডিস মশার প্রজননস্থল ধ্বংসের উদ্দেশ্যে আগামী ০৬ জুলাই ২০২৬, রোজ সোমবার সকাল ০৯:৩০-১০:০০ ঘটিকার মধ্যে একটি বিশেষ কার্যক্রম পরিচালনা করবে।

২। এ কার্যক্রমের আওতায় প্রশিক্ষিত টিম প্রতিটি বাসা পরিদর্শন করে এডিস মশার সম্ভাব্য প্রজননস্থল শনাক্ত করবেন। পরিদর্শনকালে যেখানে এডিস মশার লার্ভার উপস্থিতি পাওয়া যাবে, সেখানে নিরাপদ ও কার্যকর জৈব লার্ভিসাইড প্রয়োগের মাধ্যমে লার্ভা ধ্বংস করা হবে, যাতে ডেঙ্গুবাহী এডিস মশার বিস্তার কার্যকরভাবে প্রতিরোধ করা যায়। এ কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য বনানী ডিওএইচএসের সম্মানিত বাসিন্দাদের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য। সকলকে অনুরোধ করা যাচ্ছে, নির্ধারিত সময়ে টিমকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করে নিজ নিজ বাসার ছাদ খোলা রাখা ও আশপাশের পরিবেশ ডেঙ্গুমুক্ত রাখতে সহায়তা করবেন।

৩। মশার বংশবিস্তার রোধকল্পে অত্র পরিষদ কর্তৃক স্প্রে এবং ফগিং মেশিন ব্যবহার করা হচ্ছে। পরিষদ কর্তৃক নেয়া পদক্ষেপ এর বাহিরেও সম্মানিত বাসিন্দাগণ তাদের বিল্ডিং/ফ্ল্যাটে নিম্নলিখিত পদক্ষেপগুলি আবশ্যকীয়ভাবে গ্রহণ করবেনঃ

ক। মশার বংশ বিস্তার রোধকল্পে বাসা-বাড়ির অভ্যন্তরে, বাড়ির ছাদে, ফুলের টবে, বাড়ির আঙ্গিনায়, ডাবের খোসা, বালতিতে, যে কোন পাত্রে ২/৩ দিন পানি জমিয়ে রাখা যাবে না। এছাড়া ফ্ল্যাটের চারা গাছের মধ্যে এবং অব্যবহৃত কমোডের পানি স্থায়ী হলে এডিশ মশার জন্ম নিতে পারে।

খ। বাসা বাড়ির আশেপাশে যত্রতত্র পরিত্যক্ত জিনিসপত্র, পড়ে থাকা বর্জ্য, ডাবের খোসা, পুরাতন টায়ার, খালি পাত্রে মশকের বংশবিস্তার রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ। বাড়ি/দালান এর গাছপালা, ঝোঁপঝাড়, জঙ্গল ইত্যাদি নিয়মিতভাবে ছেঁটে পরিস্কার-পরিচ্ছন্ন করা জরুরী।

৪। মশকের বংশবিস্তার রোধকল্পে যে কোন সহযোগিতার প্রয়োজন হলে অত্র পরিষদ অফিসের সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

আলী বখতিয়ার মাহমুদ মেহেদী
ভাইস প্রেসিডেন্ট ও
ভারপ্রাপ্ত সেক্রেটারি

কার্যক্রম:
বনানী ডিওএইচএসের সম্মানিত প্লট/ফ্ল্যাট মালিকগণ
বনানী ডিওএইচএসের নির্মাণাধীন প্লট মালিক ও ডেভেলপার কোম্পানি সমূহ